গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

"সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী হরিরামপুর উপজেলায় ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ জলমহাল ও খাসপুকুরসমূহ ১৪৩২-১৪৩৪ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়, সায়রাত-১ শাখার ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৬৯৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণ পূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

### সময়সূচি

| অনলাইন আবেদন দাখিল | অনলাইন দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ১৫-০১-২০২৫ থেকে ২৮-০১-২০২৫ | ২৯-০১-২০২৫ থেকে ০২-০২-২০২৫ |

### "১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য"

| ক্রমিক নং | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজা | খতিয়ান | দাগ | পরিমান (শতাংশ) | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চামারবাড়ী পুকুর | বাসুদেবপুর | ০১ | ১৮৫ | ২৫ | ৫৯৮৫০/- | |
| ০২ | উজানপাড়া খাসপুকুর-৪ | উজানপাড়া | ০১ | ৯৩৫৯ | ৪৭ | ২০৪৭৫/- | |

### নিয়মাবলী

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রনালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২। যে সকল জলমহালের উপর উর্ধতন কর্তৃপক্ষের/মন্ত্রনালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে সংশ্লিষ্ট জলমহলের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

০৩। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি acl.harirampur.manikganj.gov.bd ও unoharirampur@mopa.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৪। জলমহালের আবেদন গ্রহণের সময়, সকল শর্তাবলি উপজেলা ওয়েব পোর্টাল ও এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

০৫। অনলাইন আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদন সকল তথ্যাদির প্রিন্টেড কপি সহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূল কপি সীলগালা বদ্ধ খামে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে' জলমহাল প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইন তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

CamScanner
CamScanner

০৮। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী প্রার্থীগণ দরপত্র দাখিলের সময় ইজারা মুল্যের কমপক্ষে ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে এবং প্রতিবছর ৩০ শে চৈত্রের মধ্যে পরবর্তী বছরের ইজারা মূল্য, ভ্যাট ও আয়কর জমা প্রদান করতে বাধ্য থাকবেন এবং লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

০৯। নির্ধারিত মুল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেওয়া হবে। তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারির মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।

১০। ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পুর্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ খরচে চুক্তি সম্পাদন পুর্বক বন্দোবস্ত দেওয়া হবে।

১১। গৃহীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর ইজারা মুল্যের সাথে আলাদাভাবে এককালীন পরিশোধ করতে হবে।

১২। দরপত্র আবেদন ফরম গ্রহনকারী আবেদন ফরমের মূল্য বাবদ (অফেরতযোগ্য) ৫০০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা পূর্বক চালানের কপি দাখিল করে ফরম সংগ্রহ করবেন। এবং চালানের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" এবং জলমহাল ইজারার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ/বিধি/পরিপত্রসহ সকল শর্তাবলি এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধিবিধান আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেখে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মো: শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

স্মারক নম্বর-০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০৩.২৪- ০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জানুয়ারী ২০২৫ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ
০৩। উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৪। উপজেলা......................কর্মকর্তা ,হরিরামপুর, মানিকগঞ্জ।( তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৫। চেয়ারম্যান.....................(সকল) ইউনিয়ন পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ। তাকে নিজস্ব ওয়েব পোর্টালে আপলোড দিয়ে নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, হরিরামপুর, মানিকগঞ্জ। তাকে ব্যাপক প্রচারের মাধ্যমে তামিল প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
০৭। সভাপতি/সম্পাদক..................মৎস্যজীবী সমবায় সমিতি, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৮। জনাব.........................................................
০৯। অফিস কপি।

০৭/০১/২০২৫

মো: শাহরিয়ার আশরাফ
সহকারী কমিশনার (ভূমি)
হরিরামপুর, মানিকগঞ্জ ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

CamScanner
CamScanner